

ইরাক

কাঠফাটা রোদ চড়া রোদুরে দুপুর গড়ায় ।
কামনার টান কেটে গেছে সবটা
স্মৃতির গঁজাল পোঁতা সারি সারি তাঁবু খাটা,
সামনে পেছনে বালি শুধু পায় পায়

বোমা মারা চাই দুধ-শিশুটার আদুল গায়ে

বোবা রাত্রির নিশুপ চূড়া
শিশুগুলি খেলে লক্ষ তারা
মাথা পড়ে নিচে অন্ধকারে
স্মৃতি বিস্মৃতি নীতিগুলো মরে ।

কামিনী আছে কাঞ্চনও আছে
সন্ন্যাস আছে প্রাণে
মহাশক্তির খোলা তলোয়ার
সৌরঝিতানে

এখনো দুচোখ জড়িয়ে রয়েছে
শিশু ফুল পাখি চাঁদে
নিজের কান্না থামালে শুনেছি
সাদ্দাম জেট বাঁধে ।

কল্লোল

